

নীলফামারী পৌরসভা কার্যালয়
নীলফামারী ।

নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী :

সভাপতি : মোছাঃ নূরজাহান বেগম
স্থান : মেয়র মহোদয়ের কক্ষ ।
সভার তারিখ : ১৮/০৩/২০১৯ইং
সময় : বেলা ১১.০০ মিঃ

অদ্য ১৮/০৩/২০১৯ইং তারিখ, বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভায় মেয়র মহোদয়ের কক্ষে “নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির” মাসিক সভা মোছাঃ নূরজাহান বেগম, মহিলা কাউন্সিলর এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ হলো।

ক্রমিক নং	আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত সমূহ	সিদ্ধান্ত বাস্তায়নকারী/ দায়িত্বপালনকারী
০১	বিগত সভার কার্য বিবরণী অনুমোদন সংক্রান্তঃ	বিগত সভার কার্য বিবরণী উপস্থিত সকলের অবগতির জন্য পাঠ করে শুনানো হয়।	বিগত সভার কার্য বিবরণী উপস্থিত সকলের অবগতির জন্য পাঠের পর কোন প্রকার সংযোজন বা বিয়োজন ব্যতিরেকে সর্বসম্মতিক্রমে অনুমোদন দেওয়া হয়	-
০২	কিছু সংখ্যক স্কুল/ কলেজ গামী অসহায় দরিদ্র নারীদের মাঝে বাই-সাইকেল ও প্রশিক্ষণ প্রাপ্ত নারীদের মাঝে সেলাই মেশিন ক্রয় পূর্বক বিতরণ সম্পর্কে আলোচনাঃ	অত্র কমিটির সম্মানিত সদস্য, সেলিনা বেগম জানান, অত্র পৌরসভার কিছু সংখ্যক স্কুল/ কলেজ গামী অসহায় দরিদ্র নারীদের মাঝে বাই-সাইকেল ও প্রশিক্ষণ প্রাপ্ত নারীদের মাঝে সেলাই মেশিন ক্রয় পূর্বক বিতরণ করা প্রয়োজন মর্মে সভায় জানান। উক্ত আলোচনার প্রেক্ষিতে সম্মানিত সকল সদস্য একই অভিমত ব্যক্ত করেন।	সভায় বিস্তারিত আলোচনান্তে কিছু সংখ্যক স্কুল/ কলেজ গামী অসহায় দরিদ্র নারীদের মাঝে বাই-সাইকেল ও প্রশিক্ষণ প্রাপ্ত নারীদের মাঝে সেলাই মেশিন ক্রয় পূর্বক বিতরণ ও TLCC ও মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	পৌর পরিষদ ও সংশ্লিষ্ট সকল কমিটি
০৩	বর্জ্য নিদিষ্ট স্থানে ময়লা ফেলা প্রসংগে আলোচনাঃ	অত্র কমিটির সম্মানিত সভাপতি, ও সংরক্ষিত মহিলা কাউন্সিলর, ০৭,০৮,০৯ নং ওয়ার্ড, নীলফামারী পৌরসভা বলেন, পৌর এলাকার রাস্তা, বাজার, বিভিন্ন মহল্লার ময়লা আবর্জনা যত্রতত্র ছড়িয়ে ছিটিয়ে আছে কিন্তু ময়লা আবর্জনা ফেলার জন্য পর্যাপ্ত ডাস্টবিন থাকা সত্ত্বেও প্রতিদিনের পারিবারিক ময়লা-আবর্জনা ড্রেনে, রাস্তায় এবং বাড়ীর আশে পাশে ফেলে। ফলে ময়লা আবর্জনা পচে দুর্গন্ধ ছড়ায় এবং বিভিন্ন রোগজীবানুর সৃষ্টি হয়। তাই উঠান বৈঠক ও WC মিটিং এর মাধ্যমে জনগনকে সচেতন করতে হবে যাতে পৌর এলাকার রাস্তা,	সভায় বিস্তারিত আলোচনা ও সমালোচনান্তে TLCC মিটিং এ ও মাসিক সভায় সিদ্ধান্ত নেওয়া হবে।	পৌর পরিষদ ও সংশ্লিষ্ট সকল কমিটি

		বাজার, বিভিন্ন মহল্লার ময়লা আবর্জনা যত্রতত্র ছড়িয়ে ছিটিয়ে না রেখে যথা স্থানে যথা ডাষ্টবিনে ফেলে।	
--	--	--	--

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং “নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির” সভায় উপস্থিত হওয়ার জন্য আহ্বান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোছাঃ নূরজাহান বেগম)

সংরক্ষিত মহিলা কাউন্সিলর ০৭,০৮,০৯ নং ওয়ার্ড

“ নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির ”

সভাপতি

নীলফামারী পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণঃ

- ১। প্রকল্প পরিচালক, UGHP-III, এলজিইডি ভবন, ঢাকা।
- ২। মেয়র, নীলফামারী পৌরসভা (সদয় জ্ঞাতার্থে)
- ৩। অফিস কপি।

(মোছাঃ নূরজাহান বেগম)

সংরক্ষিত মহিলা কাউন্সিলর ০৭,০৮,০৯ নং ওয়ার্ড

“ নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির ”

সভাপতি

নীলফামারী পৌরসভা।

নীলফামারী পৌরসভা কার্যালয়, নীলফামারী ।

“ নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি ” এর সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর

স্থান : মেয়র মহোদয়ের কক্ষ, নীলফামারী পৌরসভা ।

তারিখ : ১৮/০৩/২০১৯ ইং ।

ক্রঃনং	নাম	পরিচিতি	পদবী	স্বাক্ষর
১।	জনাবা নুরজাহান বেগম	সংরক্ষিত মহিলা কাউন্সিলর, ০৭,০৮,০৯ নং ওয়ার্ড নীলফামারী পৌরসভা ।	সভাপতি	
২।	জনাব দেওয়ান কামাল আহমেদ	মেয়র, নীলফামারী পৌরসভা ।	সদস্য	
৩।	জনাবা শিরিন নুর রিজ্জা	সংরক্ষিত মহিলা কাউন্সিলর, নং ০১,০২,০৩ ওয়ার্ড নীলফামারী পৌরসভা ।	সদস্য	
৪।	জনাবা সেলিনা বেগম	সংরক্ষিত মহিলা কাউন্সিলর, ০৪,০৫,০৬ নং ওয়ার্ড নীলফামারী পৌরসভা ।	সদস্য	
৫।	জনাব মোঃ ঈসা আলী	কাউন্সিলর, ০৪ নং ওয়ার্ড নীলফামারী পৌরসভা ।	সদস্য	
৬।	জনাব মোঃ জাফর সাদেক,	কাউন্সিলর, ০৬ নং ওয়ার্ড নীলফামারী পৌরসভা ।	সদস্য	
৭।	জনাব মোঃ আফজালুল হক	কোষাধ্যক্ষ নীলফামারী পৌরসভা ।	সদস্য- সচিব	

